




জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও আওতাধীন
দপ্তর/ঘংষা/কোম্পানিদমূহের
উচ্চাবণ্ণী উদ্যোগ ও
সেবা মন্ত্রিকরণসমূহ
২০২০-২০২১



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

ভূমিকা

প্রতি বছরের ন্যায় নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে জ্ঞালানি ও খনিজ সম্পদ বিভাগ বার্ষিক উত্তাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে। এ কর্মপরিকল্পনায় ১৫টি উদ্দেশ্য ও ৩৪টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। কিছু কার্যক্রম অনলাইন সিস্টেমে আর কিছু কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে সরাসরি পরিচালনা করা হয়েছে। এ পর্যন্ত ৯টি ইনোভেশন সংক্রান্ত সভা, দুই দিনের ১টি উত্তাবন সংক্রান্ত প্রশিক্ষণ, দুই দিনের ১টি সেবা সহজিকরণ প্রশিক্ষণ ও ১টি কর্মশালা স্বাস্থ্য বিধি মেনে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশনের সঙ্গে সম্পৃক্তদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই ও পেট্রোবাংলার সহযোগিতায় সরাসরি আয়োজন করা হয়েছে। করোনা সংক্রমনের ঝুঁকি বিবেচনায় ২টি কর্মশালা ও ১টি শোকেসিং অনলাইন সিস্টেমে আয়োজন করা হয়েছে। প্রতিটি প্রশিক্ষণ ও কর্মশালায় ৩০ জন করে কর্মকর্তার অংশগ্রহণে সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। এ বছর দপ্তর/সংস্থা/কোম্পানির নিজ নিজ কর্মক্ষেত্রের উপর উত্তাবনী আইডিয়া প্রদানের জন্য জোর দেওয়া হয়। প্রশিক্ষণ, কর্মশালা ও শোকেসিং এ মোট ২৩টি উত্তাবনী ও সেবা সহজিকরণের আইডিয়া পাওয়া যায়, যা বিভিন্ন সময় মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআইসহ নিজস্ব ইনোভেশন এক্সপার্টদের উপস্থিতিতে উপস্থাপন করা হয় এবং মতামত গ্রহণ করা হয়।

সরকারি অফিসসমূহে ইতোমধ্যে অনেক উত্তাবনী ও সেবা সহজিকরণের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। তারই ধারাবাহিকতায় জ্ঞালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনার ১৪.১ ও ১৪.২ কার্যক্রমের অংশ হিসেবে এ অর্থবছরের জন্য “এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান” নামক একটি সেবা সহজিকরণ এবং “ল্যান ভিত্তিক ফটোকপি করা” নামক উত্তাবনী আইডিয়া গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। এ বিভাগ হতে উত্তাবন ও সেবা সহজিকরণের সংকলন প্রকাশ করার মূল্য লক্ষ্য অন্যান্য সহকর্মীদের উদ্দীপ্ত করা।



ইনোভেশন টিমের সদস্য

ক্রম	নাম ও পদবি	টিমে পদবর্যাদা	ফোন	ইমেইল
১.	যুগ্মসচিব (প্রশাসন)	চিফ ইনোভেশন অফিসার	+৮৮০১৭১২-৫৩১১৬০ +৮৮০২৯৫৭১১২৫	zubair6696@yahoo.com
২.	ড. মোঃ রফিকুল ইসলাম যুগ্মসচিব (পরিকল্পনা)	সদস্য	+৮৮০১৭২০-৩০৯২৫০ +৮৮০২-৯৫৭১১২৫	rafiqjp@gmail.com
৩.	ড. মুহাম্মদ মনিরজ্জামান উপসচিব (উন্নয়ন-৮)	সদস্য	+৮৮০১৭১১০৮০৮৯ +৮৮০২৯৫৭৬৫৭১	mukul71pmre@yahoo.com
৪.	মোল্লা মিজানুর রহমান উপসচিব (অপারেশন-২)	সদস্য	+৮৮০১৭১৭৬২১৭৩ +৮৮০২-৯৫৭০৬৫৮	mollahmizanurrahman@gmail.com
৫.	মোছাম্মার ফারহানা রহমান উপসচিব (বাজেট)	সদস্য সচিব	+৮৮০১৭১২-৮৭২০৭৩ +৮৮০২-৯৫৪৬৪২৪	farhanagvt@yahoo.com
৬.	মোঃ কবির উদ্দিন সিস্টেম এনালিস্ট (আইসিটি)	সদস্য	+৮৮০১৭১৭-৩১০৫১৯ +৮৮০২-৯৫৮৪৮৮৯	sa@emrd.gov.bd



২০২০-২১ অর্থবছরে
জ্বালানি ও থনিজ প্রস্তাদ বিভাগ
ও আওতাধীন
দপ্তর/সংষা/কোম্পানিমূলক
ইনোভেশন আইডিয়াসমূহ

ক্রম	কার্যালয়	উদ্ভাবনী আইডিয়াসমূহ
১.	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন
২.	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)	বেতন পে-স্লিপ ইমেইলে প্রেরণ
৩.	বাংলাদেশ পেট্রোলিয়াম ইনসিটিউট (বিপিআই)	কোভিড-১৯ মহামারিকালীন ডাইনিং রুমে খাবার পরিবেশন
৪.	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)	জিএসবির গবেষণাগার হতে না দাবী প্রত্যয়ন প্রাপ্তি সহজিকরণ
৫.	হাইড্রোকার্বন ইউনিট	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দণ্ডন/সংস্থার জন্য অন্তর্বর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড তৈরি
৬.	বিস্ফোরক পরিদপ্তর	মোবাইল ভিত্তিক ইসপেকশন এপ্লিকেশন সিস্টেম
৭.	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপোরেশন এন্ড প্রোডাকশন কো. লি. (বাপেক্স)	বাপেক্সের চিকিৎসা ব্যবস্থাপনা ও ঔষধ বিতরণ কার্যক্রম ডিজিটাইজেশন
৮.	বাংলাদেশ গ্যাস ফিল্ট কো. লি. (বিজিএফসিএল)	গ্রুপ কন্ট্রোলারের মাধ্যমে লিফট পরিচালনা করা
৯.	রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কো. লি. (আরপিজিসিএল)	সি.এন.জি. যানবাহনের তথ্য যাচাইয়ের জন্য অনলাইন ডেটাবেজ ও স্টিকার সিস্টেম প্রবর্তন
১০.	সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড	শিক্ষার্থীদের মেধা বৃত্তি বিতরণ
১১.	জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড	কোম্পানির ওয়েবসাইটের মাধ্যমে গ্যাস গ্রাহকগণের অনলাইন-এ বার্ষিক প্রত্যয়ন পত্র প্রদান।
১২.	সুন্দরবন গ্যাস কো. লি. (এসজিসিএল)	এসজিসিএল এর বিদ্যমান গ্যাস সংগ্রালন ও বিতরণ পাইপলাইনের ডিজিটাল ম্যাপ প্রস্তুতকরণ
১৩.	বড়পুরুরিয়া কোল মাইনিং কো. লি. (বিসিএমসিএল)	Biometric Entry Register for Industrial Area of BCMCL
১৪.	কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কো. লি. (কেজিডিসিএল)	Online bill collection through bKash and Rocket
১৫.	পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড	এসএমএস এর মাধ্যমে বিল সংক্রান্ত তথ্য প্রেরণ
১৬.	তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড	আবাসিক গ্রাহকদের ডিজিটাল পেমেন্ট স্লিপ প্রদান
১৭.	বাথরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো. লি.	আবাসিক বিল বই এর পরিবর্তে ডিজিটাল কার্ড প্রদান
১৮.	গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)	জিটিসিএল এর প্রধান কার্যালয় ভবনে নিরাপত্তা জোরদারকরণ ও কাজের পরিবেশ উন্নীতকরণের লক্ষ্যে IP Camera System স্থাপন
১৯.	পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড	পেট্রোলিয়াম পণ্য বিক্রয় ব্যবস্থা সহজিকরণ
২০.	মেঘনা অয়েল কোম্পানি লিমিটেড	বুট্রিক্যান্ট পণ্য মার্কেটিং প্রক্রিয়া ডিজিটালাইজেশন
২১.	যমুনা অয়েল কোম্পানি লিমিটেড	জ্বালানি পণ্য সরবরাহ নিশ্চিত করণ অবহিতকরণ
২২.	এলপি গ্যাস লিমিটেড	প্রাপ্তিক পর্যায়ে স্বৰ্গ জাতীয় পরিচয়পত্রের বিপরীতে বিপিসি'র মালিকানাধীন খালি সিলিন্ডারে সরকার নির্ধারিত মূল্যে প্রতি মাসে সর্বোচ্চ ২(দুই)টি সিলিন্ডার এলপি গ্যাস সরবরাহ।
২৩.	ইস্টার্ণ রিফাইনারী লি. (ইআরএল)	প্লানিং ও শিপিং বিভাগের জন্য সামগ্রিক সফটওয়্যার গঠন

২০২০-২১ অর্থবছরে জ্বালানি ও খনিজ মস্পদ বিভাগের সেবা সহজিকরণ উদ্যোগ

ক) সেবা সহজিকরণ উদ্যোগের নাম: এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান

লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) অর্থাৎ চাপে তরলীকৃত জ্বালানি গ্যাস জ্বালানি হিসেবে রান্নায়, গাড়িতে ও ভবনের তাপমাত্রা বৃদ্ধিতে ব্যবহৃত হয়। পাইপলাইনের গ্যাস সংযোগ বন্ধ থাকায় দেশে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলপিজি) চাহিদা বাঢ়ে। এতে বাঢ়ে এলপি গ্যাস সিলিন্ডারের চাহিদাও। দেশে বর্তমানে ২০ শতাংশ হারে এলপি গ্যাসের প্রাথক বাঢ়ে। প্রতি বছরে ১৫-১৬ লাখ সিলিন্ডার প্রয়োজন হয়। বছরে ১৫ শতাংশ বৃদ্ধি পেলে আগামী পাঁচ বছর পর দেশে ২৪ লাখ সিলিন্ডার প্রয়োজন হবে। এ জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান জনগণের প্রয়োজনীয় চাহিদা মেটানোর জন্য এপিজি প্ল্যান্ট হতে সিলিন্ডারজাত করে বাজারে সরবরাহ করে থাকে। এ গ্যাসের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ায় নতুন এলপিজি প্ল্যান্ট স্থাপনের চাহিদা দেখা দেয়। এ প্ল্যান্ট স্থাপনের প্রক্রিয়া সহজতর করার জন্য উজ্জ্বালনী কার্যক্রম হতে এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান সেবা সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়।



বাসায় ব্যবহারের জন্য এলপিজি সিলিন্ডার



এলপিজি প্ল্যান্ট মেনুফ্যাকচারিং



এলপিজি ফিলিং প্ল্যান্ট

খ) যৌক্তিকতা

প্রাকৃতিক গ্যাসের স্বল্পতার কারণে বিকল্প জ্বালানি হিসেবে এলপি গ্যাসের নিরাপদ ও সহজলভ্য ব্যবহারের লক্ষ্যে সরকার কর্তৃক নানা উদ্যোগ গ্রহণের পাশাপাশি কয়েকটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। ফলে এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি সহজিকরণের মাধ্যমে ভোক্তা সাধারণের নিকট এলপি গ্যাস সহজে ও দ্রুত সময়ে পৌছে দেয়া সম্ভব হবে।

গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদি

ক্রং নং	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	<ul style="list-style-type: none"> ❖ নীতিমালা অনুযায়ী ও নির্ধারিত ফরমেটে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ কোন ব্যক্তি/প্রতিষ্ঠান জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে এলপিজি প্ল্যান্ট স্থাপনের জন্য আবেদন করতে পারেন। ❖ আবেদন দাখিলের পর আবেদনটি যাচাই-বাছাই করা হয়। অতঃপর আবেদন সঠিক হলে আবেদনের বিষয়ে তদন্তপূর্বক মতামত প্রদানের জন্য বিপিসিকে পত্র দেয়া হয়। নতুবা প্রয়োজনীয় কাগজপত্রাদি চেয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পত্র দেয়া হয়। ❖ বিপিসির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিটির সভায় উপস্থাপন করা হয়। কমিটির নিকট আবেদন যথাযথ পরিলক্ষিত হলে প্ল্যান্ট স্থাপনের অনুমতির জন্য সুপারিশ করা হয়। ❖ কমিটির সুপারিশ পরবর্তীতে অনুমোদিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতিপত্র ইস্যু করা হয়।
৩.	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	১০-২০ জন
৪.	সেবা প্রাপ্তির শর্তাবলি	নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ যথাযথভাবে আবেদন দাখিল করতে হবে। নীতিমালার সকল শর্ত পূরণে সক্ষমতা থাকতে হবে।
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	<ol style="list-style-type: none"> ১. সিনিয়র সচিব ২. অতিরিক্ত সচিব ৩. যুগ্মসচিব ৪. উপসচিব ৫. প্রশাসনিক কর্মকর্তা
৬.	সেবা প্রাপ্তির সময়	০৬-০৮ মাস


ক্রঃ নং	বিষয়	তথ্যাদি
৭.	সেবা প্রাপ্তিতে প্রযোজনীয় কাগজপত্র	<ol style="list-style-type: none"> প্রকল্প প্রস্তাব (Project Proposal/ Project Proforma); এলগি গ্যাস বিতরণ ও বিপণনকরণ প্রকল্পের উপর একটি সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন (Feasibility Study Report); প্রকল্প বাস্তবায়নের জন্য জমির মালিকানা সংক্রান্ত প্রাথমিক প্রমাণপত্র (চুক্তি বা বায়নাপত্র বা দলিল বা খতিয়ান বা পর্চা ইত্যাদি); প্ল্যান্ট এবং স্থাপনাসমূহের বিস্ফোরক পরিদণ্ডন কর্তৃক অনুমোদিত নকশা (Lay-Out Plan); আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ নিশ্চয়তাপত্র (Financial Commitment Letter for Investment) অথবা নিজস্ব অর্ধের সক্ষমতার প্রমাণপত্র; ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি; আয়কর সনদ (e-TIN) এবং সর্বশেষ বছরের আয়কর পরিশোধের প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি; ব্যক্তি আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং প্রাতিষ্ঠানিক আবেদনকারীর ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন ও মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যুলস অব এসোসিয়েশন; গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক আবেদনকারীর (প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্ত্বাধিকারীর) সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান বা ব্যাংক ড্রাফট; পরিবেশ অধিদণ্ডের অবস্থানগত ছাড়পত্র; ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদণ্ডের ছাড়পত্র ; জেলা প্রশাসকের অনাপত্তি; স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি এবং সরকার বা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্য কোন কাগজপত্র।

ক্রং নং	বিষয়	তথ্যাদি
৮.	সেবা প্রাপ্তির জন্য খরচ	কোন খরচ প্রয়োজন হয় না।
৯.	সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	৭-৮ বার (ন্যূনতম)
১০.	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	<ol style="list-style-type: none"> বাংলাদেশ পেট্রোলিয়াম অ্যাক্ট, ১৯৭৪ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ (সংশোধন ২০১৬) এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের নীতিমালা, ২০১৬ এলপি গ্যাস অপারেশনাল লাইসেন্সিং নীতিমালা, ২০১৭
১১.	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	যুগ্মসচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২.	সেবা প্রাপ্তি/প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/চ্যালেঞ্জসমূহ	আবেদনকারীকে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা/দণ্ড/অধিদণ্ডের হতে প্রয়োজনীয় ছাড়পত্র সংগ্রহ করতে দীর্ঘ সময় ব্যয় করতে হয়। এছাড়া, প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনকারী আবেদন দাখিলের পর যাচাই-বাছাই ও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) হতে তদন্তপূর্বক মতামত প্রাপ্তিতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়। প্রস্তাবিত প্ল্যান্টের জায়গা সাগর/বড় নদীর পাড়ে অবস্থিত এবং জনবিছিন্ন ও পর্যাণ যোগাযোগের ব্যবস্থা না থাকায় তদন্ত প্রতিবেদন প্রস্তুতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয় মর্মে জানা যায়। এছাড়া, কিছু কিছু আবেদনের উপর কতিপয় মধ্যস্থত্বভোগীর দৌরাত্মে সেবা প্রদানে সাময়িক অসুবিধার সৃষ্টি হয়।

ঘ) বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন দাখিল	৩ দিন	আবেদনকারী
ধাপ-২	আবেদনপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ এবং শাখায় প্রেরণ ও প্রাপ্তি	৪ দিন	সিনিয়র সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৩	শাখা ডায়েরিভুক্তকরণ ও নথিতে উপস্থাপন	২ দিন	প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-৪	তদন্ত প্রতিবেদনের জন্য বিপিসিতে প্রেরণের সিদ্ধান্ত প্রদান	৫ দিন	সিনিয়র সচিব/অতিরিক্ত সচিব
ধাপ-৫	বিপিসিতে পত্র প্রেরণ	১ দিন	উপসচিব
ধাপ-৬	বিপিসি কর্তৃক তদন্ত প্রতিবেদন প্রেরণ	৩ মাস	চেয়ারম্যান, বিপিসি
ধাপ-৭	বিপিসির তদন্ত প্রতিবেদন শাখায় প্রাপ্তি	৪ দিন	সিনিয়র সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৮	তদন্ত প্রতিবেদন নথিতে উপস্থাপন	১ দিন	প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-৯	তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত	৩ দিন	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব
ধাপ-১০	সভার নোটিশ জারি ও সভা আয়োজন	১ মাস	উপসচিব/প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-১১	কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন	৭ দিন	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/উপসচিব
ধাপ-১২	কমিটির সভার সুপারিশ সিনিয়র সচিব মহোদয়ের নিকট উপস্থাপন	৪ দিন	অতিরিক্ত সচিব
ধাপ-১৩	কমিটির সুপারিশ অনুযায়ী প্ল্যান্ট স্থাপনের অনুমতির জন্য পুনরায় নথি উপস্থাপন	১ দিন	প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-১৪	অনুমতির সিদ্ধান্ত গ্রহণ (হ্যান্ডেল) (সিদ্ধান্ত অনুযায়ী ধাপের সংখ্যা বাঢ়বে/কমবে)	৭ দিন	মাননীয় প্রতিমন্ত্রী/সিনিয়র সচিব/অতিরিক্ত সচিব
ধাপ-১৫	প্ল্যান্ট স্থাপনের অনুমতিপত্র ইস্যু ও প্রেরণ	৩ দিন	উপসচিব
ধাপ-১৬	আবেদনকারী কর্তৃক সেবা প্রাপ্তি	২ দিন	আবেদনকারী


ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরি ভিত্তিক প্রস্তাবনা:

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র, ফরম/রেজিস্টার/প্রতিবেদন	আবেদনের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রস্তুতে দীর্ঘসূত্রিতা	আবেদন প্রাপ্তির সাথে তাড়িত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দ্রুত সময়ে প্রতিবেদন প্রস্তুত করা যেতে পারে
২। দাখিলীয় কাগজপত্রাদি	দাখিলীয় কাগজপত্রাদির মধ্যে জেলা প্রশাসকের অনাপত্তি ও স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি রয়েছে। জেলা প্রশাসকের অনাপত্তি মূলত স্থানীয় কর্তৃপক্ষের মতামত নিয়েই দেয়া হয়। এক্ষেত্রে আবেদনকারীকে ভোগান্তির শিকার হতে হয়।	স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি বাদ দিয়ে কেবলমাত্র জেলা প্রশাসকের অনাপত্তি গ্রহণ করা যেতে পারে।
৩। সেবার ধাপ	আবেদনকারী কর্তৃক আবেদন সরাসরি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দাখিল করা হয়। উক্ত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক মতামতের জন্য বিপিসিতে প্রেরণ করা হয়। এতে করে অনেকগুলো ধাপ অতিক্রমের পাশাপাশি অধিক সময় ব্যয় হয়।	আবেদনকারী কর্তৃক আবেদন সরাসরি বিপিসিতে দাখিল করলে এবং বিপিসি কর্তৃক আবেদন যাচাই-বাচাইয়ের পর মন্ত্রণালয়ে প্রেরণ করলে এলপিজি প্ল্যান্টের অনুমতি প্রদানে কম সময় ব্যয় হবে।
৪। আন্তঃঅফিস নির্ভরশীলতা	আবেদনকারীকে অন্যান্য দপ্তর/অফিস হতে বিভিন্ন অনাপত্তি গ্রহণ করতে হয়। এতে করে আবেদন দাখিলে অনেক সময়ের প্রয়োজন হয়।	সকল অফিসের লাইসেন্স ডিজিটালাইজেশনের আওতায় আসলে এ সমস্যা অনেকাংশে কমানো সম্ভব হবে।
৫। আইন/বিধি/প্রজ্ঞাপন ইত্যাদি	বিদ্যমান আইন/নীতিমালায় অনুমতি সেবা প্রদানের ক্ষেত্রে অধিক সময়ের অপচয় হয়।	অনুমতি প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হলে সময় কমে যাবে।
৬। প্রযুক্তির প্রয়োগ প্রয়োজ্য কিনা	অনুমতি প্রক্রিয়া বর্তমানে ম্যানুয়ালি সম্পাদনের ফলে দীর্ঘ সময়ের প্রয়োজন হচ্ছে।	ই-সার্ভিস/অনলাইনের মাধ্যমে দ্রুততার সাথে এ কাজ সম্পাদন করা সম্ভব
৭। যাতায়াত (নাগরিক)	বিদ্যমান পদ্ধতিতে আবেদনকারীকে আবেদনের বিষয়ে খোঁজ খবর নিতে অনেকবার যাতায়াত করতে হয়	আবেদন সরাসরি বিপিসিতে দাখিল করলে প্রাথমিক অনেক ধাপ কমে যাবে ফলে যাতায়াত কম হবে

ছ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ



জ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক জ্ঞালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন দাখিল	ধাপ-১	বিপিসিতে আবেদন দাখিল
ধাপ-২	আবেদনপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ এবং শাখায় প্রেরণ ও প্রাপ্তি	ধাপ-২	প্রয়োজন নেই
ধাপ-৩	শাখা ডায়েরিভুক্তকরণ ও নথিতে উপস্থাপন	ধাপ-৩	প্রয়োজন নেই
ধাপ-৪	তদন্ত প্রতিবেদনের জন্য বিপিসিতে প্রেরণের সিদ্ধান্ত প্রদান	ধাপ-৪	প্রয়োজন নেই
ধাপ-৫	বিপিসিতে পত্র প্রেরণ	ধাপ-৫	প্রয়োজন নেই
ধাপ-৬	বিপিসি কর্তৃক তদন্ত প্রতিবেদন প্রেরণ	ধাপ-৬	চেয়ারম্যান, বিপিসি
ধাপ-৭	বিপিসির তদন্ত প্রতিবেদন শাখায় প্রাপ্তি	ধাপ-৭	সিনিয়র সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/ ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৮	তদন্ত প্রতিবেদন নথিতে উপস্থাপন	ধাপ-৮	প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-৯	তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত	ধাপ-৯	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব
ধাপ-১০	সভার নোটিশ জারি ও সভা আয়োজন	ধাপ-১০	উপসচিব/প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-১১	কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন	ধাপ-১১	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/ উপসচিব
ধাপ-১২	কমিটির সভার সুপারিশ সিনিয়র সচিব মহোদয়ের নিকট উপস্থাপন	ধাপ-১২	অতিরিক্ত সচিব
ধাপ-১৩	কমিটির সুপারিশ অনুযায়ী প্ল্যান্ট স্থাপনের অনুমতির জন্য পুনরায় নথি উপস্থাপন	ধাপ-১৩	প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-১৪	অনুমতির সিদ্ধান্ত গ্রহণ (হ্যাঁ/না) (সিদ্ধান্ত অনুযায়ী ধাপের সংখ্যা বাড়বে/কমবে)	ধাপ-১৪	মাননীয় প্রতিমন্ত্রী/সিনিয়র সচিব/অতিরিক্ত সচিব
ধাপ-১৫	প্ল্যান্ট স্থাপনের অনুমতিপত্র ইস্যু ও প্রেরণ	ধাপ-১৫	ইমেইলে প্রেরণ করা যেতে পারে
ধাপ-১৬	আবেদনকারী কর্তৃক সেবা প্রাপ্তি	ধাপ-১৬	

৩। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	প্রায় ০৫-০৬ মাস	০২-২.৫ মাস
খরচ (নাগরিক ও অফিসের)	৭-৮ বার ভিজিটে ইহীতার ব্যক্তিগত খরচ প্রায় ২৫০০০/-	ইহীতার খরচ প্রায় ১৫,০০০/-
যাতায়াত	৩-৪ বার।	১ বার।
ধাপ	১৬	১১




উদ্ভাবন ও সেবা সহজিকরণ কর্মশালায় অংশগ্রহণকারী



উদ্ভাবন ও সেবা সহজিকরণ কর্মশালায় বক্তব্য দিচ্ছেন জনাব নাজমুল আহসান অতিরিক্ত সচিব ও পরিচালক পেট্রোবাংলা
এবং উপস্থিত জনাব মো: আজিজুল ইসলাম, অতিরিক্ত সচিব ও মোছাম্মাং ফারহানা রহমান, উপসচিব, জ্ঞানসরি।



সেবা সহজিকরণ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ



সেবা সহজিকরণ প্রশিক্ষণে গ্রন্থাবলী উপস্থাপনা

Find a participant

- Maful Alam (Host, me)
- RH Rajibul Hoque (Co-host)
- MH Mahadehe Hassan, Deputy Direct...
- MA Md. Akhter Hossain (GM-HR)
- MM Mollah Mizanur Rahman
- SA Shabbir Ahmed, Manager, Petrob...
- DM Dr. Mohd. Sher Ali, JS, EMRD
- MK Md. Kabir Uddin, SA, EMRD
- AA Abdullah Arif Muhammad, SAS, E...
- Akhtar Mohaimin, JOCL
- AA ASHRAFUL ALAM, DM, MGMCL

অনলাইন শোকেসিং অনুষ্ঠানে অংশগ্রহণকারী



উদ্ভাবনী প্রশিক্ষণে অংশগ্রহণকারী



উত্তোলন ও সেবা সহজিকরণ কার্যশালায় অংশগ্রহণকারী



উত্তোলন ও সেবা সহজিকরণ কার্যশালায় অংশগ্রহণকারী

Q. Find a participant
RH Rajibul Hoque (Co-host, me)
MA Mafrul Alam (Host)
FR Farhana Rahman
MA Md. Azizul Islam
MM Mohd. Mahamudul Hasan, Man...
Sahiduzzaman bpi
DR Dr. Mohd. Sher Ali, JS, EMRD
NA Nazmul Ahsan
AM Akhtar Mohaimin, JOCL
EJ Engr. Jafor Imam, Manager, TGT...
ER Engr. Rabiul, JTDSL
HA HAFIZ AO EMRD

অনলাইনে উত্তোলন ও সেবা সহজিকরণ কার্যশালায় অংশগ্রহণকারী

২০২০-২১ অর্থবছরে জ্বালানি ও খনিজ মস্পদ বিভাগের উত্তীর্ণ সেবা

ক) উত্তীর্ণ সেবার নাম: ল্যান ভিত্তিক ফটোকপি করা

খ) ঘোষিত করা

বিদ্যমান ব্যবস্থায় ফটোকপি করতে সমস্যার সম্মুখীন হতে হয়। কোন ডকুমেন্ট এক কম্পিউটার হতে অন্য কম্পিউটারে নিয়ে গেলে ফন্ট ভেঙে যায়। তাছাড়া, বেশি পরিমাণে ফটোকপি করতে হলে প্রথমে প্রিন্টারে প্রিন্ট করার পর ম্যানুয়াল ফটোকপি করতে হয় ফলে প্রিন্টারে যেমন কালি ও খরচ বেশি লাগে তেমনি ম্যানুয়াল ফটোকপিতে ভুল হওয়ার সম্ভাবনা অধিক থাকে। তাই ল্যান ভিত্তিক ফটোকপির মাধ্যমে সেবা প্রদান করা হলে এ বিভাগের সকল কম্পিউটার/ল্যাপটপে এক নেটওয়ার্কে ল্যান সিস্টেমে সহজেই ফটোকপি মেশিনে ফটোকপি/প্রিন্ট করা যাবে। এতে বাড়তি ফটোকপি মেশিন ও প্রিন্টারের প্রয়োজন হবে না। যাদের কম্পিউটার/ল্যাপটপে প্রিন্টার সংযোগ নাই তারাও অতি সহজেই ফটোকপি/প্রিন্ট করতে পারবে। আর সামগ্রিকভাবে প্রিন্টারের সংখ্যা কমে যাবে যার ফলে খরচ, সময় ও কালির অনেক সাশ্রয় হবে। তাছাড়া, অতিরিক্ত ফটোকপি মেশিন/প্রিন্টার রক্ষণাবেক্ষণ এবং টোনারের ব্যবহার ব্যয়বহুল।




গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদি

ক্রঃ নং	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	❖ ফটোকপি মেশিন শেয়ারিং সিস্টেমের মাধ্যমে সহজেই এ বিভাগের যে কোন কম্পিউটার হতে ফটোকপি/প্রিন্ট করতে পারবে।
৩.	সেবা গ্রহণকারীর সংখ্যা	১০০ জন।
৪.	সেবাপ্রাপ্তির শর্তাবলি	ব্যবহারকারী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নেটওয়ার্ক সিস্টেমে থাকতে হবে।
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	সংশ্লিষ্ট কর্মকর্তা।
৬.	সেবাপ্রাপ্তির সময়	কয়েক সেকেন্ড।
৭.	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	কোন কাগজ পত্রের প্রয়োজন নাই।
৮.	সেবাপ্রাপ্তির জন্য খরচ	কোন খরচ প্রয়োজন হয় না।
৯.	সেবাপ্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	প্রযোজ্য নহে
১০.	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	প্রযোজ্য নহে
১১.	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	মোৎ রাজিবুল হক রাজিব সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ইমেইল: ame@emrd.gov.bd ফোন: ০১৯৩৫ ৩০৪৪৯১
১২.	সেবা প্রাপ্তি/প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/চ্যালেঞ্জসমূহ	ব্যবহারকারীদের বিদ্যমান সিস্টেম পরিবর্তন।

ঘ) বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	পেনড্রাইব/ইমেইলে ডকুমেন্ট সংগ্রহ।	১০ মিনিট	আবেদনকারী
ধাপ-২	প্রিন্টার সংযুক্ত যে কোন কম্পিউটারে খালি থাকা সাপেক্ষে ডকুমেন্ট প্রবেশ করানো।	২০ মিনিট	আবেদনকারী
ধাপ-৩	প্রিন্টিং এর জন্য কাগজ সংগ্রহ করা।	৫ মিনিট	আবেদনকারী
ধাপ-৪	প্রিন্টারে কাগজ প্রবেশ করা এবং প্রিন্ট দেয়া।	১০ মিনিট	আবেদনকারী
ধাপ-৫	খালি সাপেক্ষে ফটোকপি করা	১০ মিনিট	আবেদনকারী


৫) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরি ভিত্তিক প্রস্তাবনা:

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র, ফরম/রেজিস্টার/প্রতিবেদন	অতিরিক্ত ফটোকপি মেশিন/প্রিন্টারের রক্ষণাবেক্ষণ এবং টোনার সরবরাহ করা ব্যবহৃত এবং যাদের কম্পিউটারে প্রিন্টার সংযোগ নাই তাদের প্রিন্টিং সুবিধা না থাকা।	অযৌক্তিক স্থাপিত প্রিন্টার হ্রাস করা যাবে এবং যাদের প্রিন্টার নাই তাদের প্রিন্টিং সেবায় নিয়ে আসা যাবে।
২। দাখিলীয় কাগজপত্রাদি	-	কোন কাগজ পত্রের প্রয়োজন নাই
৩। সেবার ধাপ	০৫ (পাঁচ)টি ধাপে কাজ সম্পাদন করতে হয়।	ওয়ান ক্লিক সিস্টেমের মাধ্যমেই প্রিন্ট/ফটোকপি করা যাবে।
৪। সম্প্রস্তুত জনবল	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে
৫। স্বাক্ষরকারী/অনুমোদনের সঙ্গে সম্প্রস্তুত ব্যক্তির সংখ্যা ও পদবি	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে
৬। আন্তঃক্ষেত্র নির্ভরশীলতা	আবেদনকারীকে অন্য যে কোন ব্যবহারকারী যার কম্পিউটারে প্রিন্টার যুক্ত আছে তার ওপর নির্ভরশীল থাকতে হয়।	সকল ফটোকপি মেশিন ল্যানের আওতায় আসলে এ সমস্যা থাকবে না।
৭। রেকর্ড/তথ্য সংরক্ষণ	প্রযোজ্য নহে	প্রযোজ্য নহে
৮। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না	যাদের প্রিন্টার নেই তাদের দীর্ঘ সময়ের প্রযোজন হচ্ছে।	ল্যান সিস্টেমের মাধ্যমে দ্রুততার সাথে এ কাজ সম্পাদন করা সম্ভব।
৯। যাতায়াত (নাগরিক)	বিদ্যমান পদ্ধতিতে আবেদনকারীকে আবেদনের বিষয়ে খোঁজ খবর নিতে যাতায়াত করতে হয়	১ বার যাতায়াত করতে হবে।

ছ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ



জ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	পেনড্রাইব/ইমেইলে ডকুমেন্ট সংগ্রহ।	ধাপ-১	সিলেক্টেড ডকুমেন্ট ওপেন করা।
ধাপ-২	প্রিন্টার সংযুক্ত যে কোন কম্পিউটার থালি থাকা সাপেক্ষে ডকুমেন্ট প্রবেশ করানো।	-	প্রয়োজন নেই
ধাপ-৩	প্রিন্টিং এর জন্য কাগজ সংগ্রহ করা।	-	প্রয়োজন নেই
ধাপ-৪	প্রিন্টারে কাগজ প্রবেশ করা এবং প্রিন্ট দেয়া।	-	প্রয়োজন নেই
ধাপ-৫	থালি সাপেক্ষে ফটোকপি করা	ধাপ-২	ফটোকপি মেশিনে প্রিন্ট দেওয়া

ঝ) TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা/মিনিট)	প্রায় ৪৫ মিনিট।	৩ মিনিট।
খরচ (নাগরিক ও অফিসের)	প্রতি পৃষ্ঠা প্রিন্ট করার জন্য ৪-৫ টাকা খরচ হয়	ল্যান ভিত্তিক ফটোকপি ব্যবস্থা চালু হলে প্রিন্টারের রক্ষণাবেক্ষণ এবং টোনারের খরচ বহু অংশে কমে যাবে। এ পদ্ধতিতে প্রতি পৃষ্ঠা প্রিন্ট করার জন্য ০.৫-১ টাকা খরচ হবে। ফলে ব্যয় সাক্ষয় হবে।
যাতায়াত	৩-৪ বার।	১ বার।
ধাপ	৫	২

উত্তোলনী ও সেবা সহজিকরণের অফিস আদেশ জারি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd



স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৮.১৮.১৮৭

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৭

১০ অক্টোবর ২০২০

বিষয়: ২০২০-২১ অর্থবছরের ইনোডেশন বার্ষিক কর্মপরিকল্পনার ১২.১ কার্যক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক "এলপিজি প্লাট স্থাপনের অনুমতি প্রদান" সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন ও অফিস আদেশ জারি।

সূত্র: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [১.৫.১] নম্বর কার্যক্রম এবং বার্ষিক উত্তোলন কর্মপরিকল্পনার ১২.১ কার্যক্রম

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ঠ হয়ে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থবছরের ইনোডেশন বার্ষিক কর্মপরিকল্পনার ১২.১ কার্যক্রমে আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একটি সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ে উল্লেখ আছে। এরই অংশ হিসেবে এ বিভাগ কর্তৃক "এলপিজি প্লাট স্থাপনের অনুমতি প্রদান" নামক একটি সেবা পদ্ধতি সহজিকরণ করা হয়েছে। উক্ত সেবাটির পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হলো।

সংযুক্তি: এলপিজি প্লাট স্থাপনের অনুমতি প্রদান।

১০-১০-২০২০

মোহাম্মাদ ফারহানা রহমান

উপসচিব ও সদস্য-সচিব, ইনোডেশন কমিটি

ফোন: +৮৮০২৯৫৪৬৪২৪

ইমেইল: farhanagvt@yahoo.com

সকল কর্মকর্তা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৮.১৮.১৮৭/১(৮)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৭

১০ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যালৈ প্রেরণ করা হল:

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দণ্ডন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দণ্ডন (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১০-১০-২০২০

মোহাম্মাদ ফারহানা রহমান

উপসচিব

প্রকাশকাল: মে ২০২১